

**ক্যান্টনমেন্ট প্রশাসন**  
বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস  
পার্বতীপুর, দিনাজপুর।

স্মারক নং- ২৩.২২.৭০১৮.০০২.৪৭.০১৭.২২- ২৬৬

তারিখ: ৩২শ্রাবণ, ১৪৩১ ব.  
১৫ আগস্ট, ২০২৪ খ্রি.

**পুন: ইজারা বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্যান্টনমেন্ট প্রশাসন পরিচালিত বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস, পার্বতীপুর, দিনাজপুর এ অবস্থিত ক্যান্টনমেন্ট বোর্ড বাজারের বিল্ডিং এর ১৪ টি পাকা দোকান ও ০৩ টি টিনশেড দোকান ইজারা প্রদান করা হবে।

ক্র/নং	মার্কেট/ভবনের নাম	তলা	দোকান নম্বর	দোকানের সংখ্যা	সরকারী মূল্য
০১।	ক্যান্টনমেন্ট বোর্ড বাজার (নতুন বিল্ডিং) বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস।	নিচতলা	৫৩,৫৫,৫৬,৫৮	০৪ টি	২,০০,০০০.০০
০২।	ক্যান্টনমেন্ট বোর্ড বাজার (নতুন বিল্ডিং) বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস।	২য় তলা	৫৯,৬০,৬১,৬২,৬৩ ৬৪,৬৫,৬৬,৬৭,৬৮	১০ টি	১,০০,০০০.০০
০৩।	ক্যান্টনমেন্ট বোর্ড বাজার (পুরাতন বিল্ডিং) বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস।	২য় তলা	১৮,১৯,২০,২১,২২,২৩,২৪	০৭ টি	১,০০,০০০.০০
০৪।	টিনশেড দোকান	নিচতলা	৪২,৪৩,৪৪	০৩ টি	৮০,০০০.০০

২। দোকান সমূহের বিস্তারিত বিবরণ ও দর দাখিলের নিয়মাবলী সম্বলিত দরপত্র নগদ ৫০০/- (পাঁচশত) টাকার বিনিময়ে (অফেরতযোগ্য) রংপুর ক্যান্টনমেন্ট বোর্ড এর হিসাব শাখা হতে সংগ্রহ করা যাবে। ক্যান্টনমেন্ট বোর্ড, রংপুর সেনানিবাসের অফিসে সংরক্ষিত বাঞ্চে নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র বাঞ্চে খোলা হবে। উল্লিখিত দোকানের ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে সীলমোহরকৃত খামে নির্ধারিত ফরমে দরপত্র আহবান করা যাচ্ছে:

**আবেদন ক্রয় ও দাখিলের তফসিল**

পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান	দরপত্র বাঞ্চে খোলা, খাম উন্মোচনের তারিখ ও সময়	মন্তব্য
১ম	২৯/০৮/২০২৪ বিকাল ৪.০০ টা পর্যন্ত	০১/০৯/২০২৪ বেলা ১২.০০ টা পর্যন্ত	০১/০৯/২০২৪ বেলা ১২.৩০ টা পর্যন্ত	যে পর্যায়ের কোন দোকানের দরপত্র গৃহিত হবে তার পরবর্তী পর্যায়ের বর্ণিত তফসিল বাতিল বলে গণ্য হবে।
২য়	১৫/০৯/২০২৪ বিকাল ৪.০০ টা পর্যন্ত	১৭/০৯/২০২৪ বেলা ১২.০০ টা পর্যন্ত	১৭/০৯/২০২৪ বেলা ১২.৩০ টা পর্যন্ত	
৩য়	২৯/০৯/২০২৪ বিকাল ৪.০০ টা পর্যন্ত	৩০/০৯/২০২৪ বেলা ১২.০০ টা পর্যন্ত	৩০/০৯/২০২৪ বেলা ১২.৩০ টা পর্যন্ত	

**শর্তাবলী:**

১. দরপত্র ফরম (সিডিউল) আবেদন ক্রয় ও দাখিলের তফসিল অনুযায়ী প্রতিদিন অফিস চলাকালীন ক্যান্টনমেন্ট বোর্ড, রংপুর সেনানিবাসের হিসাব শাখা হতে ক্রয় করা যাবে।
২. আবেদনকারীগণকে আর্নেস্টম্যানি বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (তফসিলি ব্যাংকের যেকোন শাখা হতে 'সেনানিবাস সচিব, বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস'-এর অনুকূলে ক্রয়কৃত আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।
৩. কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা পরিবারের সদস্য একের অধিক দোকানের জন্য আবেদন ফরম সংগ্রহ ও দাখিল করতে পারবেন।
৪. জাতীয় পরিচয়পত্র ফটোকপি/জন্ম সনদের ফটোকপি/পাসপোর্টের ফটোকপি/ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি জমা দিতে হবে।
৫. আবেদন ফরমের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছবি দাখিল করতে হবে।
৬. সর্বোচ্চ দরদাতার দরপত্র গৃহিত হলে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে চুক্তিপত্র সম্পাদনসহ অবশিষ্ট সেলামীর অর্থ সহ প্রদত্ত দরের উপর ৫% আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করতে হবে। ব্যর্থতায় তার দাখিলকৃত আর্নেস্টম্যানি বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বাতিলসহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৭. ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমতি ব্যতীত বরাদ্দ প্রাপক দোকান অন্য কারও নিকট হস্তান্তর করা যাবে না বা ভাড়া প্রদান করা যাবে না।
৮. দোকান বরাদ্দ পাওয়ার পর টিনশেড দোকানের জন্য প্রতি বর্গফুট মাসিক ০৮.০০ টাকা হারে ও বিল্ডিংয়ের জন্য প্রতি বর্গফুট মাসিক ১০.০০ টাকা হারে ভাড়া পরিশোধ করতে হবে ও যথারীতি ট্রেড লাইসেন্স গ্রহণ এবং চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
৯. দোকানের মাসিক ভাড়া প্রথমবার বরাদ্দের তারিখ হতে ০৬ (ছয়) বছর পর পরবর্তীতে প্রতি ০৩ (তিন) বছর অন্তর ১০% হারে বৃদ্ধি হবে।
১০. অন্যান্য শর্তাবলী বরাদ্দপত্র/চুক্তিপত্রে উল্লেখ থাকবে, যা বরাদ্দ প্রাপক মেনে চলতে বাধ্য থাকবেন। এছাড়াও দোকান বরাদ্দ/ব্যবস্থাপনা সংক্রান্ত সকল বিষয় ক্যান্টনমেন্ট বোর্ড বাজার খোলাহাটীর দোকান ইজারা/বরাদ্দের নীতিমালা-২০১৯ (সংশোধিত) এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সেনানিবাস সংশ্লিষ্ট আইন ও বিধি দ্বারা পরিচালিত হবে।
১১. কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন কিংবা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১২. উপর্যুক্ত বিজ্ঞপ্তির যে কোন শর্ত এবং দরপত্রের (সিডিউলের) যে কোন তথ্য সংশোধন, সংযোজন ও রহিত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মোঃ ময়নুল ইসলাম  
সেনানিবাস সচিব

বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস  
পার্বতীপুর, দিনাজপুর।